Dream71

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন অধিদপ্তর

**অভ্যন্তরীণ নাবিকদের ডাটাবেজ এবং সার্ভিস বুক সিস্টেম**

**(ইনল্যান্ড নাবিক ডাটাবেজ, সার্ভিস বুক, প্রশিক্ষণ ও সনদায়ন ম্যানেজমেন্ট সিস্টেম)**

# ব্যবহার নির্দেশিকা ( সহায়িকা )- ক্রম ৫


১ম শ্রেণী/২য় শ্রেণী/৩য় শ্রেণীর ড্রাইভার/মাস্টার সনদ

**প্রস্তুতকারক :**


Dream71 বাংলাদেশ লি.

বাড়ি নং 16 (লেভেল 5) ব্লক এ, বসুন্ধরা আর/এ, ঢাকা 1229

একজন আবেদনকারী ১ম শ্রেণী/২য় শ্রেণী/৩য় শ্রেণীর ড্রাইভার/মাস্টার সনদ আবেদনের জন্য প্রথমে http://inlandcrew.dos.gov.bd/login ওয়েবসাইটে ICN এবং পাসওয়ার্ড টাইপ করে লগইন করবেন।





আবেদনকারী সিস্টেম এ নতুন হলে প্রথমে প্রোফাইল আপডেট করে আসতে হবে এবং সার্ভিস বুকের জন্য আবেদন করবেন। সার্ভিস বুক ইস্যু হওয়ার পর আবেদনকারী অন্যান্য সনদের জন্য আবেদন করার সুযোগ পাবে। ডেসবোর্ড এর  বাম পাশের মেন্যু থেকে আবেদনসমূহ সেকশনে যাবেন। এরপর "অভ্যন্তরীণ সিওসি এবং এন্ডোর্সমেন্টের জন্য আবেদন" অপশনে ক্লিক করে পরের ধাপে যেতে পারবেন।





"অভ্যন্তরীণ সিওসি এবং এন্ডোর্সমেন্টের জন্য আবেদন" পেজে আসার পর আবেদনকারী সনদের ধরন সিলেক্ট করবে। ড্রপডাউনে সিলেক্ট করলে সনদের ধরণ তালিকা ওপেন হবে।


প্রোফাইল সেটিংস থেকে বিভাগ ইঞ্জিন সিলেক্ট করা হলে এখান থেকে ১ম শ্রেণীর ড্রাইভার অথবা ২য় শ্রেণীর ড্রাইভার অথবা ৩য় শ্রেণীর ড্রাইভার - যেটি আবেদন করতে হবে সেই আবেদনটি সিলেক্ট করুন।




একইভাবে যদি আবেদনকারীর বিভাগ ডেক হয়, সেক্ষেত্রে এই ড্রপডাউন থেকে ১ম শ্রেণী মাস্টার অথবা ২য় শ্রেণী মাস্টার অথবা ৩য় শ্রেণী মাস্টার - যেটি আবেদন করতে হবে সেই আবেদনটি সিলেক্ট করুন।





আবেদন সিলেক্ট করার পর সেই আবেদনের প্রয়োজনীয় নথির নাম বাম পাশে দেখাবে। প্রত্যেক নথির নামের পাশে সেই নথি বা সনদের নম্বর, ইস্যুর তারিখ, মেয়াদ শেষের তারিখ, সেই সনদটির ডিজিটাল কপি সিলেক্ট করে আপলোড করবেন। সব নথি বা সনদ আপলোড করা হলে পরবর্তী বাটনে ক্লিক করবেন।





পরবর্তী আবেদনে ক্লিক করার পর তা ব্যক্তিগত তথ্য দেখাবে। সকল তথ্য ঠিক থাকলে নিচের টিক বক্সে টিক দিয়ে সম্পন্ন করুন বাটনে ক্লিক করবেন।




এখন একটি আবেদন সফলভাবে সম্পন্ন করা হল। কোন আবেদন কি অবস্থায় রয়েছে, তা আবেদনকারী আবেদনটির স্ট্যাটাস দেখে জানতে পারবে। এখন আবেদনের স্ট্যাটাস চলমান।





এখন আবেদনকারী পেমেন্ট করবে। পেমেন্টের জন্য প্রথমে আবেদনকারী আবেদনের সর্বোডানে বিস্তারিত বাটনে ক্লিক করবে।





বিস্তারিত পেজে গেলে আবেদনকারী তার জমা দেওয়া ডকুমেন্ট গুলো এবং তার ভয়েজ রেকর্ড দেখতে পারবে।


পেমেন্ট করতে হলে উপরের ডান পাশে পেমেন্ট করুন বাটনে ক্লিক করতে হবে। এই বাটনে ক্লিক করলে সোনালি ব্যাংকের গেটওয়েতে চলে যাবে এবং নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।




ট্রানজেকশনটি সফল হলে আবেদনকারী আবার ড্যাশবোর্ডে ফেরত আসবে। এখানে আবেদনটির পেমেন্ট স্ট্যাটাস পেইড দেখাবে এবং আবেদনটির স্ট্যাটাস হবে অপারেটর ডেস্ক। এর মাধ্যমে আবেদনকারী বুঝবে যে আবেদনটি এখন অপারেটর ডেস্কে রয়েছে। ।





আবেদনকারী আবেদন করার পর আবেদনটির  প্রথমে এপ্লিকেশন এসেসমেন্ট অপারেটর এর কাছে যাবে। কোন কারণে যদি অপারেটর আবেদনকারীর কাছে ফেরত পাঠায়, তাহলে স্ট্যাটাসটি হবে "**আবেদনকারীর নিকট ফেরত পাঠানো হয়েছে**"। আবেদনের ভিউ অপশনে (চোখের আইকন) গেলে আবেদনকারী কমেন্ট বক্স থেকে দেখতে পারবে কি কারণে অপারেটর ফেরত পাঠিয়েছে। এই কমেন্টবক্স থেকেই আবেদনকারী বিভিন্ন পর্যায়ে যারা আবেদনটি দেখছে, তাদের কমেন্ট দেখতে পারবে।










নথি ঠিক না থাকলে পুনরায় ড্যাশবোর্ডে গিয়ে ভিউ বাটনের পাশে এডিট বাটন প্রেস করে তারপর প্রয়োজনীয় নথি সংশোধন করে আপলোড করতে হবে। সাবমিট করতে হলে একইভাবে ড্যাশবোর্ডে এসে ভিউ বাটনে ক্লিক করে মন্তব্য লিখে “প্রেরণ করুন” বাটনে ক্লিক করতে হবে।












একজন অপারেটর আবেদনটি দেখে সবকিছু ঠিক থাকলে অনুমোদকের নিকট পাঠিয়ে দিবে এবং অনুমোদক অনুমোদিত করলেই আবেদনটি চূড়ান্তভাবে অনুমোদিত হবে, স্ট্যাটাস হবে “অনুমোদিত”।




অনুমোদক অনুমোদন করার পর আবেদনকারী শিডিউল সিলেক্ট করবে। এজন্য আবেদনের পাশে "সময়সূচী নির্বাচন" নামের একটি বাটন যুক্ত হবে। এই বাটনে ক্লিক করে সব এভেইলেবল তারিখ থেকে আবেদনকারী একটি শিডিউল "নির্বাচন করুন" বাটনে ক্লিক করে সিলেক্ট করবে। এই অবস্থায় আবেদনের স্ট্যাটাস হবে "সময়সুচি পর্যালোচনাধীন"। এর মাধ্যমে কেবলমাত্র একটি তারিখ নির্বাচন করা যাবে এবং ঐ তারিখ অতিক্রান্ত না হওয়া পর্যন্ত আর কোন নতুন তারিখ নেয়া যাবে না।






আবেদনসমূহ

| আবেদনের ধরণ | সনদের ধরন | বিভাগ | আবেদন অবস্থা | পেমেন্ট অবস্থা | প্রবেশপত্র ডাউনলোড | পরীক্ষারসূচি | সার্টিফিকেট ডাউনলোড করুন | বিস্তারিত |
|---|---|---|---|---|---|---|---|---|
| অভ্যন্তরীণ সিওসি এবং এন্ডোর্সমেন্টের জন্য আবেদন | ১ম শ্রেণীর ড্রাইভার | ইঞ্জিন | সময়সূচি পর্যালোচনাধীন | Paid | | অনুমোদকের ডেস্ক | | |

শিডিউল অপারেটর এপ্রুভ করলে আবেদনকারীর জন্য এডমিট কার্ড ডাউনলোড করার বাটন উন্মুক্ত হবে। আবেদনকারী এডমিট কার্ড ডাউনলোড করে পরীক্ষা দিতে যাবে। এই অবস্থায় আবেদনের স্ট্যাটাস দেখাবে "সময়সুচি অনুমোদিত"।



আবেদনসমূহ

| আবেদনের ধরণ | সনদের ধরন | বিভাগ | আবেদন অবস্থা | পেমেন্ট অবস্থা | প্রবেশপত্র ডাউনলোড | পরীক্ষারসূচি | সার্টিফিকেট ডাউনলোড করুন | বিস্তারিত |
|---|---|---|---|---|---|---|---|---|
| অভ্যন্তরীণ সিওসি এবং এন্ডোর্সমেন্টের জন্য আবেদন | ১ম শ্রেণীর ড্রাইভার | ইঞ্জিন | সময়সূচি অনুমোদিত | Paid | প্রবেশপত্র | ১১ ডিসেম্বর, ২০২৪ | | |

আবেদনকারীর লিখিত, মৌখিক ও চক্ষু পরীক্ষায় পৃথকভাবে পাশ করতে হবে। আবেদনকারী তার পরীক্ষার ফলাফল ড্যাশবোর্ডের "সকল আবেদনের ফলাফলের" নিচে দেখতে পারবে।

সকল পরীক্ষায় পাশ করলে সে আবেদনটির জন্য সনদ অনুমোদনের প্রসেস শুরু হবে। এই প্রসেসে প্রধান পরীক্ষক, প্রিন্টিং অপারেটর ও মহাপরিচালকের যুক্ত থাকেন। তাদের সবার মতামত আবেদনকারী কমেন্ট বক্স থেকে দেখতে পারবে। সনদ প্রিন্ট না হওয়া পর্যন্ত আবেদনটির স্ট্যাটাস থাকবে "সনদের জন্য অপেক্ষমান"।

**সকল আবেদনের ফলাফল**

| আবেদন আইডি | আবেদনের তারিখ | আবেদনের ধরন | সনদের ধরন | বিভাগ | লিখিত | মৌখিক | চক্ষু পরীক্ষা | অ্যাকশান |
|---|---|---|---|---|---|---|---|---|
| 17 | ১১ আগস্ট, ২০২৪ | অভ্যন্তরীণ সিওসি এবং এন্ডোর্সমেন্টের জন্য আবেদন | ১ম শ্রেণীর ড্রাইভার | ইঞ্জিন | পাস | পাস | পাস | |
| 16 | ১১ আগস্ট, ২০২৪ | সার্ভিস বুকের জন্য আবেদন | সার্ভিস বুক | ডেক | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | পাস | |

**মন্তব্য**

pass

**Chief Inland Examiner**
pass

**Printing Operator**
ওকে


**Chief Inland Examiner**
Done


**dg**
Congratulation

## আবেদনসমূহ

| আবেদনের ধরণ | সনদের ধরন | বিভাগ | আবেদন অবস্থা | পেমেন্ট অবস্থা | প্রবেশপত্র ডাউনলোড | পরীক্ষারসূচি | সার্টিফিকেট ডাউনলোড করুন | বিস্তারিত |
|---|---|---|---|---|---|---|---|---|
| অভ্যন্তরীণ সিওসি এবং এন্ডোর্সমেন্টের জন্য আবেদন | ১ম শ্রেণীর ড্রাইভার | ইঞ্জিন | সনদের জন্য অপেক্ষমান | Paid | | অপেক্ষমাণ | | |
| সার্ভিস বুকের জন্য আবেদন | সার্ভিস বুক | ডেক | সনদ অনুমোদিত | Paid | | অপেক্ষমাণ | | |


আবেদনকারী যদি কোনো পরীক্ষায় ফেল করে বা অনুপস্থিত থাকে, তাহলে তাকে রি-সিট করতে হয়। এজন্য কোনো পরীক্ষায় ফেল করলে সেই আবেদনটি বন্ধ হয়ে যায় এবং পরীক্ষার ফলাফলের পাশে "রি-সিট" বাটন উন্মুক্ত হয়। আবেদনকারী এই রি-সিট বাটন ক্লিক করে নতুন আবেদন করবে।




রি-সিট করার পর পেমেন্ট করতে হবে যা পূর্বেই দেখানো হয়েছে। রিসিট আবেদনে পুনরায় ডকুমেন্ট জমা এবং এসেসমেন্ত প্রয়োজন হবে না । পেমেন্টের পর আবেদনকারী সরাসরি শিডিউল সিলেক্ট করতে পারবে পূর্বের ধাপ অনুযায়ী । **এখানে লক্ষণীয় যে, লিখিত বা মৌখিক ফেল অথবা অনুপস্থিত থাকলে পুনরায় পুরো পেমেন্ট করে সব পরীক্ষাই দিতে হবে। তবে শুধু চক্ষু পরীক্ষায় ফেল করলে আংশিক পেমেন্ট করে শুধু চক্ষু পরীক্ষাই দেওয়া যাবে।** এজন্য কোন শিডিউল সিলেক্ট করার প্রয়োজন হবে না।

আবেদনকারী শুধু চক্ষু পরীক্ষায়েও ফেল করলে সেই আবেদনটি বন্ধ হয়ে যায় এবং পরীক্ষার ফলাফলের পাশে "রি-সিট" বাটন উন্মুক্ত হয়। আবেদনকারী এই রি-সিট বাটন ক্লিক করে নতুন আবেদন করবে। তখন শুধু চক্ষু পরীক্ষা দিতে পারবে। লিখিত এবং মৌখিক একবার পাশ করে গেলে আর দিতে হবে না। রি-সিট করার পর পেমেন্ট করতে হবে যা পূর্বেই দেখানো হয়েছে। রিসিট আবেদনে পুনরায় ডকুমেন্ট জমা এবং এসেসমেন্ত প্রয়োজন হবে না। চক্ষু পরীক্ষার ক্ষেত্রে পরীক্ষার শিডিউল এর প্রয়োজন হয়ে না। তাই আবেদনকারী পেমেন্ট করার পর সরাসরি DoS অফিসে গিয়ে চক্ষু পরীক্ষা দিয়ে আসবে।




পরীক্ষা দেওয়ার পরে রেজাল্ট প্রসেস শুরু হবে। প্রথমে এক্সজামিনার পাস/ফেল দিবে তারপর যাবে চিফ এক্সজামিনার কাছে। চিফ এক্সজামিনার পাস দিলেই আবেদনকারী চক্ষু পরীক্ষায়ে পাস করতে পারবে। পরবর্তী ধাপে প্রিন্টিং অপারেটর কিছু তথ্য এড করার পর আবার চিফ এক্সজামিনার এর কাছে যাবে। চিফ এক্সজামিনার অনুমোদন করলেই শেষে ডিজি এর কাছে যাবে।

ডিজি অনুমোদন করলেই সনদটি আবেদনকারীর ডেসবোর্ড এ চলে আসবে এবং ডাউনলোড করতে পারবে।

আবেদনকারীর আবেদনটি কখন কোন ধাপে আছে সেটি আবেদনকারীর ডেসবোর্ড থেকে দেখতে পারবে।

সনদ অনুমোদিত হলে প্রিন্টকৃত অনলাইন  ই-সনদ দেখতে হবে নিম্নরূপ হবে এবং কিছুদিন পরে সনদের স্মার্ট কার্ড অধিদপ্তর হতে অথবা কুরিয়ার এর মাধ্যমে তা সংগ্রহ করা যাবে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল অধ্যাদেশ ১৯৭৬ এর ৩৬ ধারা মোতাবেক জারিকৃত

**যোগ্যতা সনদ**

**( ২য় শ্রেণীর ড্রাইভার )**

সনদ নম্বর : C414408852



সনদধারীর নাম : আসফাক হাসান পিয়াস

মাতার নাম : আবেদনকারীর মাতার নাম

সনাক্তকারী চিহ্ন : প্রযোজ্য নয়

জন্ম তারিখ : ০১ জানুয়ারি ১৯০০ জাতীয়তা : বাংলাদেশী রক্তের গ্রুপ : এ+

আই সি এন নম্বর : 202418031998001

সনদ জারির তারিখ: ১ জানুয়ারী, ২০২৪ সনদের মেয়াদ : ১ জানুয়ারী, ২০২৯

সনদ জারির স্থান: নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ

**সনদধারীর স্বাক্ষর**

**মহাপরিচালক**
**নৌপরিবহন অধিদপ্তর**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে , সনদধারী বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-অধ্যাদেশের ১৯৭৬ অধ্যাদেশের ৩৬ ধারা মোতাবেক যোগ্য এবং নিম্নলিখিত কর্যক্রম ও সীমাবদ্ধতা শর্তসাপেক্ষে দায়িত্ব স্পম্পাদনে সনদের মেয়াদ পর্যন্ত সক্ষম।

| কার্যক্রম | সীমাবদ্ধতা (যদি থাকে) |
|---|---|
| ২য় শ্রেণীর ড্রাইভার | ১০০০ কিলোওয়াট |

(সনদটি যাচাই করতে কোডটি স্ক্যান করুন)

দ্রষ্টব্য : সনদধারী ব্যতীত এই সনদ অন্য কারো হস্তক্ষেপ হলে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, এফ -১২/সি -১ আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা - ১২০৭, বাংলাদেশ বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ডাক খরচ প্রাপক কর্তৃক বহন করা হইবে।